প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	প্রধানমন্ত্রীর কার্যালয়	০১	০১	-	-	-	০১	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ১টি।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩১.	রক্ষণাবেক্ষণ	৩১.	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২	টিওএন্ডই ভুক্তকরণ	৩.২	প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো যেমন: সোলার স্ট্রিট লাইট, সিসি টিভি, এনভায়রনমেন্টাল ল্যাব ইত্যাদি সংস্থার টিওএন্ডইভুক্ত করতে হবে। মূলধনী যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ড এর পর এগুলো সচল রাখার প্রয়োজনে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বাজেট রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৩.৩	ডিপিপি/টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	৩.৩	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;

ক্যাপাসিটি বিল্ডিং অব বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথরিটি (৩য় সংশোধিত) **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের আরটিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

১. **প্রকল্পের নাম** : ক্যাপাসিটি বিল্ডিং অব বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথরিটি (৩য় সংশোধিত)
Capacity Building of Bangladesh Export Processing Zones Authority (3^{rd} Revised)

২. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ।

৩. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : প্রধানমন্ত্রীর কার্যালয়।

৪. **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** : জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯
১০৩০৭.০০ লক্ষ টাকা

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	প্রকল্প ব্যয়ের হ্রাস/ বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৫১৫.৭৫	১০৩০৭.০০	৯৬৯৩.২৮	জুলাই ২০১১ হতে জুন ২০১৬ (৬০ মাস)	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ (১০২ মাস)	জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯	৭৭৯১.২৫ (৩০৯.৭০%)	৪২ মাস (৭০%)

৫. **ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি** : ৯৬৯৩.২৮ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয়ের ৯৪.০৫%।

৬. প্রকল্পের উদ্দেশ্য:

দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে বিনিয়োগ এর লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও অটোমেশন প্রযুক্তি আধুনিকীকরণসহ বেপজাকে প্রাতিষ্ঠানিকভাবে সুদক্ষ করার লক্ষ্যে উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটি Private Sector Development Support Project (PSDSP) এর আওতাভুক্ত।

৭. প্রকল্প অনুমোদন ও সংশোধন :

আরটিপিপি'র পর্যায়	প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল আরম্ভ	বাস্তবায়নকাল সমাপ্ত	মন্তব্য
মূল	২৫১৫.৭৫	২৭-১১-২০১১	জুলাই ২০১১	জুন ২০১৬	
সংশোধিত (১ম)	৭৫৩৯.০০	২১-১০-২০১৩	জুলাই ২০১১	জুন ২০১৬	

আরটিপিপি'র পর্যায়	প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল আরম্ভ	বাস্তবায়নকাল সমাপ্ত	মন্তব্য
সংশোধিত (২য়)	৭৫৩৯.০০	২৫-০২-২০১৫	জুলাই ২০১১	জুন ২০১৬	(সিডি, ভ্যাটসহ নতুন কম্পোনেন্ট অন্তর্ভুক্তি)
সংশোধিত (৩য়)	১০৩০৭.০০	১০-০৪-২০১৬	জুলাই ২০১১	জুন ২০১৯	
মেয়াদ বৃদ্ধি (ব্যয় বৃদ্ধি ব্যতিত)	১০৩০৭.০০	৩০-০৪-২০১৯	জুলাই ২০১১	ডিসেম্বর ২০১৯	

৮. প্রকল্পের অর্থায়ন : এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	টিপিপি/আরটিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অবমুক্তি	প্রকৃত ব্যয়	অগ্রগতি (%)
২০১১-১২	১৪৪.৯০	৩৫০.০০	১৪৪.৯০	১৪৪.৯০	১০০.০০%
২০১২-১৩	৩৬২.৫৪	৬৩৭.০০	৩৬২.৫৪	৩৬২.৫৪	১০০.০০%
২০১৩-১৪	৪৪০.৩৮	১৯৭৫.০০	৪৪০.৩৮	৪৪০.৩৮	১০০.০০%
২০১৪-১৫	৪৫৭৩.৬৫	৩৪৩৩.০০	১৯৭৫.৮৮	১৯৭৫.৮৮	৪৩.২০%
২০১৫-১৬	১৩২৭.৪৩	৩৭২০.০০	১৬৯৭.৬৯	১৬৯৭.৬৯	১২৭.৮৯%
২০১৬-১৭	১৩৮৪.০০	৩০০০.০০	২৭৬১.৪২	২৭৬১.৪২	১৯৯.৫২%
২০১৭-১৮	১৩৮৪.০০	১১৩১.০০	৮৮৫.৪৬	৮৮৫.৪৬	৬৩.৯৮%
২০১৮-১৯	৬৯০.১০	১১৬০.০০	৯৪৮.৮৮	৯৪৮.৮৮	১৩৭.৫০%
২০১৯-২০	-	৫৬৮.০০	৪৭৬.১৩	৪৭৬.১৩	৪৭৬.১৩%
মোট:	**১০৩০৭.০০**	**১৫৯৭৪.০০**	**৯৬৯৩.২৮**	**৯৬৯৩.২৮**	৯৪.০৫%

৯. ফাইনানসিয়াল এ্যরেঞ্জমেন্টঃ (সোর্স অনুযায়ী):

প্রকল্প ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়ন		
		IDA	DFID
১০৩০৭.০০	Original	৫৯৬৭.০০	১৫৭২.০০
	Additional Financing	২৭৬৮.০০	-

১০. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক)

(লক্ষ টাকায়)

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আর্থিক)	প্রকৃত ব্যয়	আর্থিক (%)
১	টিএডিএ ও অন্যান্য এলাউন্স	৬৩.০০	৫২.২১	৮২.৮৭%
২	প্রিন্টিং	২.০০	-	০%
৩	স্টেশনারী	১৩.০০	৩.৯৬	৩০.৪৬%
৪	প্রচার ও বিজ্ঞাপন	৩.০০	-	০%

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আর্থিক)	প্রকৃত ব্যয়	আর্থিক (%)
৫	আপ্যায়ন	৪.০০	১.৯২	৪৮%
৬	পরিবহন ব্যয়	২২০.০০	১৯২.৭২	৮৭.৬০%
৭	প্রশিক্ষণ ও শিক্ষা সফর	২৩০.০০	১৯৭.৭০	৮৫.৯৬%
৮	প্রশিক্ষণ ও শিক্ষা সফর (কাউন্সিলরদের জন্য)	১৫০.০০	১১৭.৪৭	৭৮.৩২%
৯	বিনিয়োগ উন্নয়ন সেমিনার	২৩০.০০	১৬৬.৬৫	৭২.৪৬%
১০	ভিডিও ও পোস্টারিং এর মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধি ক্যাম্পেইন	১৫০.০০	১৪২.৯৪	৯৫.৩০%
১১	এনভায়রনমেন্ট স্পেশালিস্ট	২১৬.০০	১৫৭.৪২	৭২.৮৮%
১২	আইটি সিস্টেম কনসালটেন্ট	৩৩৮.০০	২৫৫.৯৯	৭৫.৭৪%
১৩	সোস্যাল কাউন্সিলর	৩১১০.০০	৩০৮০.৬৯	৯৯.০৬%
১৪	এনভায়রনমেন্টাল কাউন্সিলর	১৩৮৫.০০	১২৭২.৭৭	৯১.৯০%
১৫	সোস্যাল এন্ড এনভায়রনমেন্টাল অডিট ফর ফার্মস	১১০.০০	৮৪.৯৯	৭৭.২৬%
১৬	বিজনেস অটোমেশনের জন্য ফার্ম নিয়োগ	২৯৬.০০	২৯৪.৯৮	৯৯.৬৬%
১৭	সোর্সিং কনসালটেন্ট	১৯০.০০	১৮৫.৯৩	৯৭.৮৬%
১৮	আইটি ম্যানেজার	১৫০.০০	১৩৪.২০	৮৯.৪৭%
১৯	ম্যানেজমেন্ট অফ গ্রীন জোন সেল	২০০.০০	১৭৭.৩৬	৮৮.৬৮%
২০	ক্লিয়ারিং, ফরওয়ার্ডিং ও অন্যান্য	৯.৫০	৮.৩৫	৮৭.৯০%
২১	ল্যাব পরিচালন ব্যয়	৫৩.০০	৩৭.৯৬	৭১.৬৩%
২২	বিবিধ	১৮.৫০	১.৫৪	৮.৩২%
	মোট রাজস্ব	**৭১৪১.০০**	**৬৫৬৭.৭৫**	**৯১.৯৭%**

(লক্ষ টাকায়)

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আর্থিক)	প্রকৃত ব্যয়	আর্থিক (%)
	মূলধন খাতঃ			
২৩	হার্ডওয়ার ফর অটোমেশন	২২০.০০	২১৫.৯৭	৯৮.১৭%
২৪	কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি ক্রয়	৭৯.৭২	৭৭.৪৭	৯৭.১৮%
২৫	ইপিজেড জোনস এবং এন্টারপ্রাইজের ভিতর কানেকটিভিটি	৯৫.০০	৯৪.৯৭	৯৯.৯৭%
২৬	সোলার প্যানেল ফর স্ট্রীট লাইট এন্ড ইনভেস্টর ক্লাব এন্ড গ্রীন ইনিশিয়েটিভ	৮৬৮.৮০	৮৬৮.৮০	১০০%
২৭	ল্যাব স্থাপন	২৫০.০০	২৪৭.৬১	৯৯.০৫%
২৮	সিসি টিভি সার্ভিলেন্স সিস্টেম	৯৪০.০০	৯২৩.২২	৯৮.২২%
২৯	ওয়াকিটকি সিস্টেম স্থাপন	১৪২.০০	১৪১.৮৩	৯৯.৮৮%
৩০	ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন	৯০.০০	৮৭.৪৮	৯৭.২০%
৩১	ইপিজেডে একসেস কন্ট্রোল সিস্টেম	১৭৫.০০	১৬২.৭০	৯২.৯৭%
	সিডি, ভ্যাট	৩০৫.৪৮	৩০৫.৪৮	১০০%
	মোট মূলধন	**৩১৬৬.০০**	**৩১২৫.৫৫**	**৯৮.৭২%**
	সর্বমোট (রাজস্ব ও মূলধন)	**১০৩০৭.০০**	**৯৬৯৩.২৮ (৯৪.০৫%)**	**(৯৪.০৫%)**

১১. প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (বাস্তব)

ক্রঃ	প্রকল্পের আইটেম/অঙ্গ	একক	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (বাস্তব)	প্রকৃত অর্জন	অগ্রগতি (%)
১	সোস্যাল কাউন্সিলর	জনমাস	৫৪০০	৫৩৪০	৯৮.৯০% (কয়েকজন চাকুরী হতে ইস্তফা দেয়ায় ১০০% অগ্রগতি অর্জিত হয়নি, তবে প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে)
২	এনভায়রনমেন্ট কাউন্সিলর	জনমাস	২৫২০	২৩৫০	৯৩.২৫% (কয়েকজন চাকুরী হতে ইস্তফা দেয়ায় ১০০% অগ্রগতি অর্জিত হয়নি, তবে প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে)
৩	আইটি সিস্টেম কনসালটেন্ট	জনমাস	২৬০	২০৬	৭৯.২৩% (কয়েকজন চাকুরী হতে ইস্তফা দেয়ায় ১০০% অগ্রগতি অর্জিত হয়নি, তবে প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে)
৪	আইটি ম্যানেজার	জনমাস	৪৮	৪৬	৯৫.৮৪% (প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জন সাধিত হয়েছে)
৫	এনভায়রনমেন্ট স্পেশালিস্ট	জনমাস	১১৪	৮৬	৭৫.৪৪% (নিয়োগ প্রক্রিয়া বিলম্ব ও চাকুরী হতে ইস্তফা দেয়ায় ১০০% অগ্রগতি হয়নি, তবে প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে)
৬	সোর্সিং কনসালটেন্ট	জনমাস	৯৫	৯২	৯৬.৮৫% (প্রকল্পের প্রকৃত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে)
৭	হার্ডওয়ার ফর অটোমেশন	৮ জোনস	৮ জোনস	৮ জোনস	১০০%
৮	কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি ক্রয়	সংখ্যা	১৩৭	১৩৭	১০০%
৯	ইপিজেড জোনস এবং এন্টারপ্রাইজের ভিতর কানেকটিভিটি	৮ জোনস	৮ জোনস	৮ জোনস	১০০%
১০	সোলার প্যানেল ফর স্ট্রীট লাইট এন্ড ইনভেস্টর ক্লাব এন্ড গ্রীন ইনিশিয়েটিভ	সংখ্যা	৭৯৫	৭৯৫	১০০%
১১	ল্যাব স্থাপন	সংখ্যা	২	২	১০০%
১২	সিসি টিভি সার্ভিলেন্স সিস্টেম	সংখ্যা	৬৫৫	৬৫৫	১০০%
১৩	ওয়াকিটকি সিস্টেম স্থাপন	৮ জোনস	৮ জোনস	৮ জোনস	১০০%
১৪	ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন	সংখ্যা	৬	৬	১০০%
১৫	ইপিজেডে একসেস কন্ট্রোল সিস্টেম	৮ জোনস	৮ জোনস	৮ জোনস	১০০%

১২. পরিবীক্ষণ ইতিহাসঃ

ইতোপূর্বে প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক ২ (দুই) বার পরিবীক্ষণ করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শন তারিখ
মোহাম্মদ এনামুল আহসান, উপ পরিচালক	০৭/০৫/২০১৮
ড. রনজিৎ কুমার সরকার, পরিচালক	১৩/০২/২০১৯

পরিদর্শন প্রতিবেদনের গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে, যা নিম্নরূপ:

ক্র:	আইএমইডি কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/মতামত	বেপজা কর্তৃক গৃহীত পদক্ষেপ
০১	নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির নিমিত্ত সময়ভিত্তিক ওয়ার্কপ্লান প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়নে প্রকল্প পরিচালককে নিয়মিত মনিটরিং করতে হবে।	কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুসারে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।
০২	যথা সংখ্যক পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হয়নি। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে।	প্রকল্পের সমন্বয়কারী ইউনিট ইআরডিতে প্রতিমাসে প্রকল্পের অগ্রগতি ও বিভিন্ন সমস্যা ও তা নিরসনের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও বেপজা কম্পোনেন্টের জন্য আলাদাভাবে ২টি স্টিয়ারিং কমিটির সভা ও ০৩ টি পিআইসি সভা করা হয়েছে।
০৩	প্রকল্পের মনিটরিং কার্যক্রম জোরালো করার জন্য বাস্তবায়নাধীন প্রকল্পের সার্বিক কাজের অগ্রগতি বাস্তবায়নকারী সংস্থা, আইএমইডি, পরিকল্পনা কমিশন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়কে নিয়মিত অবহিত করা বাঞ্চনীয়।	আইএমইডি ছকে মাসিক প্রতিবেদন প্রেরণের মাধ্যমে নিয়মিতভাবে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রকল্পের সার্বিক কাজের বিষয়ে অবহিত করা হয়।
০৪	প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি (আইএমইডি/০৫ ও আইএমইডি/০৩) নিয়মিতভাবে মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়ের মাধ্যমে নিয়মিতভাবে আইএমইডিতে নির্ধারিত ছকে রিপোর্ট প্রেরণ করা হয়।
০৫	প্রকল্পটির টাইম ওভাররান ৬০%। এই ৬০% সময় বৃদ্ধির মূল কারণ নতুন আইটেম অন্তর্ভুক্তি এবং কাউন্সিলর ও পরামর্শকদের সেবার মেয়াদ বৃদ্ধি। ৬০% মেয়াদ বৃদ্ধি দুর্বল পরিকল্পনার ইঙ্গিত বহন করে। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ অতি প্রয়োজনে সর্বাধিক ২০% পর্যন্ত বৃদ্ধির বিষয়টি বিবেচনায় রাখা যেতে পারে।	প্রকল্পটি কারিগরি ও অত্যন্ত টেকনিক্যাল প্রকৃতির হওয়ায় এবং নতুন আইটেম অন্তর্ভুক্তিসহ বেপজায় কাউন্সিলরদের প্রয়োজনীয়তার লক্ষ্যে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
০৬	প্রকল্পটির কস্ট ওভাররান ৩০৯%। এই ৩০৯% ব্যয় বৃদ্ধির মূল কারণ প্রকল্পে নতুন আইটেম অন্তর্ভুক্তি, কাউন্সিলর ও পরামর্শকদের সেবার মেয়াদ বৃদ্ধি ও পরিচালনা ব্যয় বৃদ্ধি। ৩০৯% ব্যয় বৃদ্ধি দুর্বল পরিকল্পনার ইঙ্গিত বহন করে। পরবর্তীতে প্রকল্পের ব্যয় সর্বাধিক ২৫% পর্যন্ত বৃদ্ধির বিষয়টি বিবেচনায় রাখা যেতে পারে।	প্রকল্পটির কাজসমূহ টেকনিক্যাল ও আইটেমসমূহ প্রযুক্তিতে নতুন হওয়ায় এবং বিভিন্ন সময়ে দাতা সংস্থা কর্তৃক অর্থ বরাদ্দ পাওয়ায় নিয়ম মেনে প্রয়োজনানুযায়ী ব্যয় বৃদ্ধি করা হয়েছে।
০৭	প্রকল্প পরবর্তীতে কাউন্সিলরদের মেইনস্ট্রিমিং এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।	প্রকল্প পরবর্তীতে কাউন্সিলরদের মেইনস্ট্রিমিং এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্র:	প্রকল্প পরিচালকের নাম	পদবী	মেয়াদ	মন্তব্য
১	এ কে এম মাহবুবুর রহমান এফসিএ	সদস্য (অর্থ), বেপজা	০১/০৭/২০১১ হতে ৩১/০১/২০১৫	অতিরিক্ত দায়িত্ব
২	মোঃ আশরাফুল কবীর	প্রধান প্রকৌশলী, বেপজা	০১/০২/২০১৫ হতে ৩১/১২/২০১৯	অতিরিক্ত দায়িত্ব

১৪. প্রকল্পের ক্রয় কার্যক্রমঃ

ক্র:	প্রকল্পের আইটেম/অঙ্গ	একক	অগ্রগতি (%)
১	হার্ডওয়ার ফর অটোমেশন	৮ জোনস	১০০%
২	কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার ইত্যাদি ক্রয়	১৩৭টি	১০০%
৩	ইপিজেড জোনস এবং এন্টারপ্রাইজের ভিতর কানেকটিভিটি	৮ জোনস	১০০%
৪	সোলার প্যানেল ফর স্ট্রীট লাইট এন্ড ইনভেস্টর ক্লাব এন্ড গ্রীন ইনিশিয়েটিভ	৭৯৫টি	১০০%
৫	ল্যাব স্থাপন	২ জোনস	১০০%
৬	সিসি টিভি সার্ভিলেন্স সিস্টেম	৬৫৫টি	১০০%
৭	ওয়াকিটকি সিস্টেম স্থাপন	৮ জোনস	১০০%
৮	ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন	৬টি	১০০%
৯	ইপিজেডে একসেস কন্ট্রোল সিস্টেম	৮ জোনস	১০০%

১৫। প্রকল্প এলাকা পরিদর্শন:

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭ এর পরিচালক ওমর মোঃ ইমরুল মহসিন গত ২৬/০৮/২০২০ তারিখে সাভার ও আদমজী ইপিজেড এ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

আরটিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
ইপিজেডের অভ্যন্তরে কর্মপরিবেশ, মালিক শ্রমিক সুসম্পর্ক বজায় ও শ্রমিক অসন্তোষ নিরসনসহ জোনের পরিবেশগত (এনভায়রনমেন্টাল) মান বজায়।	সোস্যাল কাউন্সিলর, এনভায়রনমেন্ট কাউন্সিলর ও এনভায়রনমেন্ট স্পেশালিস্ট নিয়োগের মাধ্যমে উক্ত কাজ সম্পন্ন হয়েছে।
বেপজা ও এর অধীনস্থ জোনসমূহে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগকারীদের নিরাপত্তাসহ, আইটি অটোমেশনের মাধ্যমে দ্রুততর সেবা প্রদান।	আইটি অটোমেশন স্থাপনের ফলে Company Permission, Plot & SFB Allotment, Import Permit, Export Permit, Sub Contract Permit, Local Purchase Permit, Work Permit, Visa Recommendation, Sample Permit, Wastage & Garbage Sale Permit, Dying Certificate, Loan Machine Permit, Bill collection and management কাজসমূহ বিনিয়োগকারীদের দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান করা যাচ্ছে। এছাড়াও সিসি টিভি, একসেস কন্ট্রোল সিস্টেমের মাধ্যমে

আরটিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
	জোনসমূহে বিনিয়োগকারীদের নিরাপত্তা ব্যবস্থা কার্যকর করা সহজ হচ্ছে।
চট্টগ্রাম ইপিজেডে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও গ্রীন জোন স্থাপনে সহায়তা।	চট্টগ্রাম ইপিজেডে সোলার প্যানেল ও সোলার স্ট্রিট লাইট স্থাপনের মাধ্যমে উক্ত কাজ সম্পন্ন করা হয়েছে।
ইপিজেডের অভ্যন্তরে এন্টারপ্রাইজের পরিবেশগত মানদন্ড পালনে ভূমিকা।	ঢাকা ইপিজেড ও চট্টগ্রাম ইপিজেডে ০২টি অত্যাধুনিক এনভায়রনমেন্ট ল্যাব স্থাপন করা হয়েছে।


১৭. **প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:**



1.Access Control System in AEPZ gate



2.C.C. Camera surveillance system



3.On line activity of EP/IP in Adamjee EPZ (AEPZ)



4. On line activity of EP/IP in AEPZ

১৮. প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ১৫ টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: এ প্রকল্পে পণ্যের জন্য ১২টি, কার্যের জন্য ৩টি এবং সেবার জন্য ১টি প্যাকেজ নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র আহ্বান করে কাজ সমাপ্ত করা হয়েছে।

১৯. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণঃ প্রযোজ্য নয়।

২০. অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: পিসিআর পর্যালোচনায় দেখা যায়, Foreign Adided Project Audit Directorate (FAPAD) কর্তৃক প্রকল্পের অডিট সম্পন্ন হয়েছে, বর্তমানে কোন অডিট আপত্তি নেই। নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

নিরীক্ষা কাল	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	পর্যবেক্ষণ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
২০১১-১২	০৩/০৪/২০১৩	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১২-১৩	০৩/০৪/২০১৪	১) চুক্তির বাইরে কাউন্সিলরদের পরিবহন সুবিধা দেয়ায় প্রকল্প তহবিলের অপচয়; ২) চুক্তি অনুসারে প্রয়োজনীয় রিপোর্ট দাখিল না করা সত্ত্বেও কাউন্সিলরদের সম্মানী প্রদান; ৩) অযোগ্য দরদাতাকে কম্পিউটার, প্রিন্টার, ল্যাপটপ, স্ক্যানার সরবরাহ করার কার্যাদেশ প্রদান;	নিষ্পত্তি হয়েছে
২০১৩-১৪	৩০/১২/২০১৪	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৪-১৫	৩১/১২/২০১৫	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৫-১৬	২২/১২/২০১৬	১) গাড়ী সরবরাহকারীকে বিনা দরপত্রে ২২,০০,০০০.০০ টাকার কার্যাদেশ প্রদান; ২) ডিফল্টিং ঠিকাদারকে ২,৬৩,০৪৬.০০ টাকার লিক্যুইডিটি ড্যামেজ না অর্পণ করা; ৩)দরপত্র বিক্রয়কৃত অর্থ সরকারী তহবিলে জমা না করা;	নিষ্পত্তি হয়েছে
২০১৬-১৭	২১/১২/২০১৭	১) আরটিপিপি বরাদ্দের বাইরে ৫,৬২,৮৪,০০০.০০ টাকা অনিয়মিত ব্যয়; ২)নিয়ম বহির্ভুতভাবে সোস্যাল ও এনভায়রনমেন্ট কাউন্সিলরদের ৬৮,৩০,০০০.০০ টাকার উৎসব ও নববর্ষ ভাতা প্রদান;	নিষ্পত্তি হয়েছে
২০১৭-১৮	৩১/১২/২০১৮	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৮-১৯	৩১/১২/২০১৯	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-

২১. প্রকল্প পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

২১.১ প্রকল্পটি বাস্তবায়নে Time ও Cost over run হয়েছে। প্রকল্পটির মূল টিপিপি ২৫১৫.৭৫ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই ২০১১ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৭/১১/২০১১ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে ৫০২৩.২৫ লক্ষ টাকা বৃদ্ধির মাধ্যমে ৭৫৩৯.০০ লক্ষ টাকা প্রাক্কলন নির্ধারণ করা হয়। ২য় সংশোধনীতে সিডি, ভ্যাটসহ নতুন কম্পোনেন্ট অন্তর্ভুক্তি এবং ৩য় সংশোধনীতে আরোও ২৭৬৮.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি ও গৃহীত কাজ শেষ করতে ৩ বছর সময় সময় বৃদ্ধি করা হয়, ফলে প্রকল্প ব্যয় দাঁড়ায় ১০৩০৭.০০ লক্ষ টাকা এবং মেয়াদ জুন ২০১৯। কাউন্সিলরদের চাকরি বেপজায় চলমান রাখার জন্য তাদের তফসীল, নিয়োগ ও ফান্ড নীতিমালা প্রণয়নে সময়

লাগার কারণে প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা আরো ৬ মাসের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি করা হয়। এতে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত নির্ধারিত হয়।

২১.২ প্রকল্পের আওতায় মোট ৬০ জন সোস্যাল কাউন্সিলর ও মোট ৩০ জন এনভায়রনমেন্ট কাউন্সিলর নিয়োগ করা হয়েছে। প্রকল্পের আওতায় নিয়োজিত কাউন্সিলরদের কয়েকজনের সাক্ষাতকার নেয়া হয়। সকলেই বলেছেন তাদের কার্যকর ভূমিকা পালনের মাধ্যমে ইপিজেডের অভ্যন্তরে কর্মপরিবেশ, মালিক শ্রমিক সম্পর্ক ও শ্রমিক অসন্তোষ কমানোসহ জোনের পরিবেশগত মান আগের তুলনায় অনেক উন্নত হয়েছে;

২১.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত সকল কাজ যেমন সোলার স্ট্রিট লাইট, সিসিটিভি, এনভায়রনমেন্টাল ল্যাব, আইটি অটোমেশন বেপজা কর্তৃক সঠিকভাবে রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন;

২১.৪ ২০১৬-১৭ অর্থবছরে আরটিপিপি বরাদ্দের বাইরে কিভাবে ৫৬২.৮৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে সে বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষের ব্যাখ্যা দেয়া প্রয়োজন;

২১.৫ প্রকল্পের মাধ্যমে ইপিজেডসমূহে আইটি অটোমেশন হওয়ায় দেশী বিদেশী বিনিয়োগকারীদের দ্রুত সেবা, নিরাপত্তাসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করছে;

২১.৬ প্রকল্পটি একটি কারিগরি সহায়তা প্রকল্প। প্রকল্পের আওতায় ক্রয় এবং সম্পাদিত কাজের গুণগত মান সন্তোষজনক মর্মে প্রতীয়মান।

২২. মতামত/সুপারিশসমূহ:

২২.১ প্রকল্পটি মূল প্রাক্কলিত ব্যয় ও মেয়াদে শেষ হয়নি। এর প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ৩০৯.৭০% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৭০%। যদিও এডিশনাল ফাইনান্সিং এর কারণে কিছু প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে। তদুপরি মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাকে পরবর্তী প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মূল প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;

২২.২ প্রকল্পের আওতায় নিয়োজিত সোস্যাল ও এনভায়রনমেন্ট কাউন্সিলরদের চাকরি বেপজায় স্থায়ী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২২.৩ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো যেমন: সোলার স্ট্রিট লাইট, সিসি টিভি, এনভায়রনমেন্টাল ল্যাব ইত্যাদি সংস্থার টিওএন্ডইভুক্ত করতে হবে। মূলধনী যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ড এর পর এগুলো সচল রাখার প্রয়োজনে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বাজেট রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২২.৪ প্রকল্পের মাধ্যমে ইপিজেডসমূহে আইটি অটোমেশন হওয়ায় দেশী বিদেশী বিনিয়োগকারীদের দ্রুত সেবা, নিরাপত্তাসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করছে। এই ধারা অব্যাহত রাখার নিমিত্ত বেপজাকে সর্বদা সচেষ্ট থাকতে হবে;

২২.৫ ভবিষ্যতে প্রকল্পের এসব কার্যক্রম যেমন: IT Hardware, Software Mordenization সহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থার জন্য অন্যান্য ইপিজেডসমূহে Solar Street Light স্থাপনের নিমিত্ত এ ধরনের আরো প্রকল্প গ্রহণ করা যেতে পারে; এবং

২২.৬ উপর্যুক্ত মতামত/সুপারিশ অনুযায়ী মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।